

‘আপনি নিজ যোগ্যতায় আসেননি, আমরা বসিয়েছি’-চবি উপাচার্যকে শিক্ষার্থী

চবি প্রতিনিধি



গতকাল শুক্রবার চবি উপাচার্য কার্যালয়ে। ছবি : সংগৃহীত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) এক শিক্ষকের পদোন্নতি নিয়ে উপাচার্যের কক্ষে হট্টগোলের ঘটনা ঘটেছে। গতকাল শুক্রবার বিক্ষোভ চলাকালীন উপাচার্য অধ্যাপক মুহাম্মদ ইয়াহইয়া আখতারের কক্ষে তাঁর আসন ঘিরে দাঁড়িয়ে কথা বলছিলেন একদল শিক্ষার্থী। ওই সময় তাকে উদ্দেশ্য করে এক শিক্ষার্থী

বলেন, ‘আপনি নিজ যোগ্যতায় বসেননি (উপাচার্য পদে), আপনাকে আমরা বসিয়েছি, আপনি আমাদের কথা শুনতে বাধ্য।’

আজ শনিবার (৫ জুলাই) সকাল থেকে ফেসবুকে ছড়িয়ে পড়ার ৪ মিনিটের একটি ভিডিওতে এমন কথপোকথন উঠে এসেছে।

গতকাল শুক্রবার শিক্ষার্থীদের আন্দোলনের মুখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শিক্ষক কুশল বরণ চক্রবর্তীর পদোন্নতি প্রত্যাহার করা হয়।

শিক্ষার্থীদের অভিযোগ, বিচারাধীন হত্যাচেষ্টা মামলার আসামি ও বিতর্কিত কর্মকাণ্ডে জড়িত একজন শিক্ষক কীভাবে পদোন্নতির সুযোগ পান?

গতকাল শুক্রবার শিক্ষার্থীরা উপাচার্যের কক্ষে প্রবেশ করে এ নিয়ে প্রতিবাদ করেন। এ সময় ছাত্র অধিকার পরিষদের সাবেক ও ইতিহাস বিভাগের স্নাতকোত্তরের শিক্ষার্থী নেতা তাহসান হাবিব উপাচার্যকে উদ্দেশ্যে বলেন, ‘আপনি নিজ যোগ্যতায় আসেননি, আপনাকে আমরা বসিয়েছি।’

তিনি কালের কণ্ঠকে জানান, ‘গতকাল শুক্রবার বিকাল ৩টার দিকে আমরা উপাচার্যের অনুমতি নিয়ে তার কক্ষে যাই।

কুশল বরণ প্রসঙ্গসহ জুলাই অভ্যুত্থানের পর তার দায়িত্ব পালনের বিষয়ে কথা বলার চেষ্টা করলে

উপাচার্য কিছু বলতে রাজি হননি। তখনই আমি এ মন্তব্য করি। পাশাপাশি বলি, আপনার দায়িত্ব হলো

শিক্ষার্থীদের অভিযোগ শোনা ও সমাধান করা।’

তাহসানের ভাষ্য অনুযায়ী, এ সময় কুশল বরণ অনুমতি ছাড়াই কক্ষে প্রবেশ করলে উত্তেজনা ছড়িয়ে

পড়ে।

গণমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ও প্রত্যক্ষদর্শীদের ভাষ্য অনুযায়ী, ছাত্রশিবিরের অফিস সম্পাদক

হাবিবুল্লাহ খালেদ তখন কুশল বরণের বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত কাগজপত্র সামনে তুলে ধরে বলেন,

‘হত্যাচেষ্টার আসামি কিভাবে এখানে আসে?’

পরে উপ-উপাচার্যের মধ্যস্থতায় কুশল বরণকে কক্ষ থেকে বের করে দেওয়া হয়।

এই বিষয়ে জানতে একাধিকবার চবি উপাচার্যের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন

ধরেননি।